



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৬০২৭

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

বাজালিয়া হেদায়তুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: বাজালিয়া, উপজেলা: সাতকানিয়া, জেলা: চট্টগ্রাম-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯.১০.২০১৯ খ্রি. তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২০ খ্রি. তারিখ থেকে ৩০.০৬.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. শ্রেণিকক্ষে মানসম্পন্ন পাঠদানের জন্য শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালায় আয়োজন করতে হবে।
২. শ্রেণিকক্ষে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করাসহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৩. অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষের ব্যবস্থা করতে হবে।
৪. লাইব্রেরিতে প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করে সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৫. ছাত্র-ছাত্রীদের জন্য নির্ধারিত টয়লেটগুলো সংস্কার করে সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।
৬. শিক্ষার্থীদের বাংলার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা শেখার ব্যবস্থা করতে হবে।
৭. শ্রেণিকক্ষে ব্লাক বোর্ড ক্রয়ের ব্যবস্থা করতে হবে।
৮. শূন্যপদে শিক্ষক নিয়োগের ব্যবস্থা করতে হবে।
৯. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১০. অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


০১.০৩.২০২০

(ড. জাভেদ আহমাদ)
সহ. পরিদর্শক (অতি. দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ


বাজালিয়া হেদায়তুল ইসলাম ফাজিল মাদরাসা
ডাকঘর: বাজালিয়া উপজেলা: সাতকানিয়া, জেলা: চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৬০২৭

তারিখ: ১৭ ফাল্গুন, ১৪২৬ বঙ্গাব্দ
০১ মার্চ, ২০২০ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, বাজালিয়া হেদায়তুল ইসলাম ফাজিল মাদরাসা, ডাকঘর: বাজালিয়া উপজেলা: সাতকানিয়া, জেলা: চট্টগ্রাম।
- ৭। অফিস নথি


০১.০৩.২০২০

(মুহাম্মদ লুৎফুর রহমান)
সেকশন অফিসার
মাদরাসা পরিদর্শন দফতর
মোবাইল: ০১৯৭০-৮৭৭৮৭৮

অধি/নবায়ন/ফাইল নং-চট্ট-৮৭